

শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কাউখালী, রাঙ্গামাটি।

স্মারক নং-উমবি ক কা/কাউ/রাঙ্গা/২২-৬৯(৫)

তারিখ: ১৭/১১/২২ খ্রি:

**বিষয় : মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২২/১১/২০২২খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির এক সভা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব নিংবাইউ মারমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান  
বেতবুনিয়া/ফটিকছড়ি/খাগড়া  
ইউনিয়ন পরিষদ  
কাউখালী, রাঙ্গামাটি।

*Shah*  
১৭/১১/২২

(নীতা চাকমা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,  
কাউখালী, রাঙ্গামাটি।

## মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	নিংবাইউ মারমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি।
তারিখ	:	২২/১১/২০২২ খ্রিঃ
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি।

(সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ ভিডরিউবি চক্র ৩১ ডিসেম্বর ২০২২খ্রিঃ সমাপ্ত হবে। ২০২৩-২০২৪ চক্রের জন্য নতুন উপকারভোগী নির্বাচন করতে হবে। সদর কার্যালয় থেকে প্রাপ্ত পরিপত্রটি বিস্তারিত পাঠ করে শোনানো হয়। পরিপত্র অনুযায়ী অনলাইনে আবেদন করা বিষয়টি ব্যাপক প্রচার প্রচারণার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। বিদ্যমান কার্ড সংখ্যানুযায়ী এই চক্রের ভিডরিউবি উপকারভোগী নির্বাচন করার অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত- সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নিংবাইউ মারমা)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি।